প্রকল্প পরিচালকের কার্যালয়
মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
**ইসলামিক ফাউন্ডেশন**
(প্রতিষ্ঠাতা: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ১৬.০১.০০০০.০২৫.০৮.০১৯.২৩.১০৪১(ক) তারিখ: ১৮/০৫/২০২৩ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়) প্রকল্পের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন (জানুয়ারী ২০২০ হতে ডিসেম্বর ২০২৪) জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তানুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে (http://mbcmlp.teletalk.com.bd) ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বয়স | সাকুল্য বেতন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ১। | সহকারী পরিচালক (৯ম গ্রেড) | ১ (এক) | ১৮-৩০ বছর | ৩৫,৬০০/- | ক) প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর/জিপিএ সম্পন্ন স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর/জিপিএ সম্পন্ন সম্মান ডিগ্রী অথবা সমমানের মাদ্রাসা ডিগ্রী। সমজাতীয় প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের/বিভাগীয় অভিজ্ঞ জনবল/প্রার্থীকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে এবং বয়স ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।<br>গ) প্রার্থীকে ইসলাম ধর্মের বাস্তব অনুসারী হতে হবে। | সকল জেলা |
| ২। | ফিল্ড অফিসার (১০ম গ্রেড) | ১৮ (আঠার) | ১৮-৩০ বছর | ২৪,৭০০/- | ক) দ্বিতীয় শ্রেণির স্নাতক অথবা সমমানের মাদ্রাসা ডিগ্রী/এর সমমানের জিপিএ ডিগ্রী ধারী;<br>খ) যে কোন সরকারি অথবা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/সরকারি স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষামূলক প্রতিষ্ঠান অথবা শিক্ষামূলক প্রকল্পে/শিশু ও গণশিক্ষা কার্যক্রম/শিক্ষা কার্যক্রম বাস্তবায়নে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প বাস্তবায়নে অভিজ্ঞতা সম্পন্ন হিসাব ও নীরিক্ষা সংক্রান্ত কাজে অভিজ্ঞ সমজাতীয় বিভাগীয় প্রার্থীদের/প্রার্থীকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে এবং বয়স ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।<br>ঘ) প্রার্থীকে ইসলাম ধর্মের বাস্তব অনুসারী হতে হবে।<br>ঙ) ৩য় শ্রেণি অথবা এর সমমানের জিপিএ ডিগ্রীধারীদের আবেদন গ্রহণযোগ্য নহে।<br>চ) প্রার্থীকে মটর সাইকেল চালনা জানতে হবে এবং যোগদানের ৩ মাসের মধ্যে মোটর সাইকেল ড্রাইভিং লাইসেন্স এর প্রমাণক জমা দিতে হবে। | সকল জেলা |
| ৩। | হিসাব রক্ষক (গ্রেড-১৩) | ১(এক) | ১৮-৩০ বছর | ১৯,৩০০/- | ক) ২য় শ্রেণিতে বি.কম উত্তীর্ণ হতে হবে। সংশ্লিষ্ট পদে বাস্তব কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। কম্পিউটারের ওয়ার্ড প্রসেসিং ও স্পেড শীটে দক্ষতা থাকতে হবে। দাপ্তরিক প্রশাসনিক কাজসহ প্রকল্প বাস্তবায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য। একাধিক ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>খ) হিসাবরক্ষণ কাজে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমমর্যাদার অনুরুপ পদের প্রার্থীদের সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে এবং বয়স ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।<br>ঘ) প্রার্থীকে ইসলাম ধর্মের বাস্তব অনুসারী হতে হবে। | সকল জেলা |
| ৪। | মাস্টার ট্রেইনার (গ্রেড-১৩) | ৭ (সাত) | ১৮-৩০ বছর | ১৭,৬৫০/- | ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রী/ দাওরাসহ কারিয়ানা সনদ। সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞানী ও অভিজ্ঞ প্রার্থীদের এবং সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সমজাতীয় পদে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের ৪ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) টিওটি/ফাউন্ডেশন ট্রেনিং/ইমাম ট্রেনিং/বি-এড/সি-ইন-এড এবং প্রশিক্ষক হিসেবে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>গ) বাংলা এবং ইংরেজী উভয় ক্ষেত্রে জ্ঞান থাকতে হবে।<br>ঘ) প্রার্থীকে মটর সাইকেল চালনা জানতে হবে এবং যোগদানের ৩ মাসের মধ্যে মোটর সাইকেল ড্রাইভিং লাইসেন্স এর প্রমাণক জমা দিতে হবে। | সকল জেলা |

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বয়স | সাকুল্য বেতন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ঙ) প্রার্থীকে ইসলাম ধর্মের বাস্তব অনুসারী হতে হবে।<br>চ) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমমর্যাদার অনুরুপ পদের প্রার্থীদের/বিভাগীয় প্রার্থীদের সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে এবং বয়স ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | |
| ৫। | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ১ (এক) | ১৮-৩০ বছর | ১৯,৩০০/- | ক) প্রতি মিনিটে বাংলায় ৩০ অক্ষর এবং ইংরেজীতে ৪০ অক্ষর কম্পিউটার কম্পোজ করার গতি সম্পন্ন স্নাতক অথবা সমমান ডিগ্রী।<br>খ) একাধিক ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। কম্পিউটার ব্যবহারে, ট্রাবলশুটিং ও রক্ষণাবেক্ষণে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) প্রার্থীকে ইসলাম ধর্মের বাস্তব অনুসারী হতে হবে।<br>ঘ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিশু ও গণশিক্ষা কার্যক্রম/শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঙ) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমমর্যাদার অনুরুপ পদের প্রার্থীদের/বিভাগীয় প্রার্থীদের সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে এবং বয়স ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সকল জেলা |
| ৬। | ফিল্ড সুপারভাইজার (গ্রেড-১৪) | ৩৪ (চৌত্রিশ) | ১৮-৩০ বছর | ১৬,৭০০/- | ক) ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী অথবা সমমানের মাদ্রাসা ডিগ্রী/এর সমমানের জিপিএ ডিগ্রী ধারী। একই পদে ৬ষ্ঠ পর্যায় পর্যন্ত কর্মরতদের জন্য শিক্ষাগত যোগ্যতা এবং বয়স ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।<br>খ) সমজাতীয় প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) প্রার্থীকে মটর সাইকেল চালনা জানতে হবে এবং যোগদানের ৩ মাসের মধ্যে মোটর সাইকেল ড্রাইভিং লাইসেন্স এর প্রমাণক জমা দিতে হবে।<br>ঘ) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের/বিভাগীয় অভিজ্ঞ জনবল/প্রার্থীকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে। | নিম্ন বর্ণিত জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন: ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, টাঙ্গাইল, নেত্রকোণা, শেরপুর, কক্সবাজার, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, গাইবান্ধা, ঠাকুরগাঁও, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, মেহেরপুর, সিলেট, সুনামগঞ্জ ও হবিগঞ্জ। তবে এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৭। | কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী (গ্রেড-১৬) | ৭ (সাত) | ১৮-৩০ বছর | ১৫,৬৫০/- | ক) প্রতি মিনিটে বাংলায় ৩০ অক্ষর এবং ইংরেজীতে ৪০ অক্ষর কম্পিউটার কম্পোজ করার গতি সম্পন্ন উচ্চ মাধ্যমিক অথবা সমমান ডিগ্রী।<br>খ) একাধিক ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। কম্পিউটার ব্যবহারে, ট্রাবলশুটিং ও রক্ষণাবেক্ষণে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) প্রার্থীকে ইসলাম ধর্মের বাস্তব অনুসারী হতে হবে।<br>ঘ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিশু ও গণশিক্ষা কার্যক্রম/শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঙ) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমমর্যাদার অনুরুপ পদের প্রার্থীদের/বিভাগীয় প্রার্থীদের সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে এবং বয়স ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | নিম্ন বর্ণিত জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন: ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, টাঙ্গাইল, নেত্রকোণা, শেরপুর, কক্সবাজার, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, গাইবান্ধা, ঠাকুরগাঁও, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, মেহেরপুর, সিলেট, সুনামগঞ্জ ও হবিগঞ্জ। তবে এতিমখানার নিবাসী ও শারীরিক |

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বয়স | সাকুল্য বেতন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৮। | ক্যাশিয়ার (গ্রেড-১৬) | ১ (এক) | ১৮-৩০ বছর | ১৭,০৪৫/- | ক) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ বি.কম পাস অথবা সমমানের মাদ্রাসা ডিগ্রী।<br>খ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিশু ও গণশিক্ষা কার্যক্রম/শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। একাধিক ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>গ) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমমর্যাদার অনুরূপ পদের প্রার্থীদের/বিভাগীয় প্রার্থীদের সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে এবং বয়স ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।<br>ঘ) প্রার্থীকে ইসলাম ধর্মের বাস্তব অনুসারী হতে হবে। | |
| ৯। | আর.এন্ড.ডি.ক্লার্ক (গ্রেড-১৬) | ১(এক) | ১৮-৩০ | ১৭,০৪৫/- | ক) স্নাতক অথবা সমমানের ডিগ্রী।<br>খ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিশু ও গণশিক্ষা কার্যক্রম/শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের ৪ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। একাধিক ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>গ) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমমর্যাদার অনুরূপ পদের প্রার্থীদের/বিভাগীয় প্রার্থীদের সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে এবং বয়স ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।<br>ঘ) প্রার্থীকে ইসলাম ধর্মের বাস্তব অনুসারী হতে হবে। | |

**শর্তাবলী:-**

১। ১৫/০৬/২০২৩ খ্রি. তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.০১৭.০০-১৪৯, তারিখ ২২ সেপ্টেম্বর ২০২২ মারফত জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী আবেদনকারীর বয়স ২৫-০৩-২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ ৩০ বছর হয়ে থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। একই ব্যক্তি একাধিক পদের জন্য আবেদন করতে পারবে না।

২। সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত/বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। ১ থেকে ৪, ৬, ৮ এবং ৯ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ৫ ও ৭ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

৫। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬। প্রার্থীকে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://mbcmlp.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৪/০৫/২০২৩ সকাল ১০:০০ ঘটিকা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৫/০৬/২০২৩ বিকাল-৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে **নির্দেশনামতে ছবি** এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে **কম্পিউটারে ছবিসহ** Application Preview **দেখা যাবে।** আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং **স্বাক্ষরযুক্ত** একটি Applicant's Copy **পাবেন।** যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সর্ম্পূণ কালো/ সর্ম্পূণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর **সঠিক** না থাকে তাহলে পুনরায় আবেদন করতে **পারবেন।** তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন **পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন** গ্রহণযোগ্য নয় **বিধায়** আবেদন ফি **জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই** উক্ত Applicant's Copy তে তার **সাম্প্রতিক** তোলা **রঙিন ছবি, নির্ভুল** তথ্য ও স্বাক্ষর সংযুক্ত **থাকা** ও এর **সঠিকতার বিষয়টি** PDF Copy ডাউনলোড**পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট** করে সংরক্ষণ **করবেন।** Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১ নম্বর ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৬০০/- (ছয়শত) টাকা ও এর সার্ভিস চার্জ

বাবদ ৬৭ (সাতষট্টি) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৬৬৭ (ছয়শত সাতষট্টি) টাকা, ২ নম্বর ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ও এর সার্ভিস চার্জ বাবদ ৫৬ (ছাপান্ন) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৫৬ (পাঁচশত ছাপান্ন) টাকা, ৩ থেকে ৯ নম্বর ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** **MBCMLP**<space>**User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **MBCMLP ABCDEF & send to 16222**
**Reply**: Applicant's Name. TK-667/556/223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MBCMLP<space>Yes<space>PIN & send to 16222.

**দ্বিতীয় SMS:** **MBCMLP**<space>**Yes**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **MBCMLP Yes 12345678 & send to 16222**
**Reply**: Congratulations! Applicant's Name, Payment completed successfully for MBCMLP Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mbcmlp.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তী রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **MBCMLP**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222.
Example: **MBCMLP Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে: **MBCMLP**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & send to 16222.
Example: **MBCMLP Help PIN 12345678**

(ঝ) QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/mbcmlp বা http://mbcmlp.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তি দেখা যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.islamicfoundation.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা moushik.if@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject-এ Organization Name: **MBCMLP**, Post Name:***, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১০। online-এ আবেদনপত্র ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মো: নায়েব আলী মন্ডল
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ইসলামিক ফাউন্ডেশন